

কালের কণ্ঠ

তারিখ... 12-DEC-2013 -
পৃষ্ঠা ৬

রাবির কেন্দ্রীয় গ্রন্থাগারে অডিও ভিজুয়াল সার্ভার

রোকন রাকিব, রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) কেন্দ্রীয় গ্রন্থাগারে চাপু হলো অডিও ভিজুয়াল সার্ভার। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা অডিও, ভিডিও ডকুমেন্টের মাধ্যমে বিভিন্ন বিষয় জানতে পারবেন। পাশাপাশি এখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থাপনা এবং অনুষ্ঠানের ছবিও পাওয়া যাবে। পর্যায়ক্রমে এ সার্ভার থেকে শিক্ষার্থীদের জন্য ডিজিটাল শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে।

পতকাল বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আনুষ্ঠানিকভাবে সার্ভারটি উদ্বোধন করেন উপ-উপাচার্য চৌধুরী সারওয়ার জাহান। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের প্রধানক ড. নফিকুন্নবী স্যামাদীর সভাপতিত্বে অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক সায়েন উদ্দিন ও বিভিন্ন বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।